



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

সূত্রঃ মাভাবিপ্রবি/ভর্তি পরীক্ষা/২০২৫-২০২৬/

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৭ জুন ২০২৬

কোটায় আবেদনকারীদের প্রয়োজনীয় কাগজপত্র যাচাই সংক্রান্ত নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে কোটার কাগজপত্র যাচাই এর কাজটি আগামী ০৯/০৬/২০২৬ খ্রি., রোজ মঙ্গলবার এবং ১০/০৬/২০২৬ খ্রি., রোজ বুধবার, প্রতিদিন সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয় (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত)-এ একযোগে সম্পন্ন করা হবে।

কোটায় আবেদনকারী শিক্ষার্থীদের নিচে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করেছে, সেই বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটার ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। তবে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম ভেটেরিনারি ও অ্যানিম্যাল সায়েন্স বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণ করা কোটায় আবেদনকারীদের GST গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের (নওগাঁ বিশ্ববিদ্যালয় ব্যতীত) যেকোনো একটি বিশ্ববিদ্যালয়ে সশরীরে নির্ধারিত সময়ে উপস্থিত হয়ে কোটার ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। অন্যথায় কোটার সুবিধা কোনোভাবেই প্রদান করা সম্ভব হবে না।

কোটাভিত্তিক প্রয়োজনীয় কাগজপত্র:

১. FFQ – মুক্তিযোদ্ধা (সন্তান) কোটা: মুক্তিযোদ্ধার মূল সনদ, আবেদনকারীর জন্মনিবন্ধন /জাতীয় পরিচয়পত্র (NID)।
২. PDQ – প্রতিবন্ধী বা বিশেষ চাহিদাসম্পন্ন কোটা: সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট/সুবর্ণ নাগরিক কার্ড।
৩. SEQ – ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/উপজাতি কোটা: জেলা প্রশাসক বা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট।
৪. BKSP – বিকেএসপি (খেলোয়াড়) কোটা: বিকেএসপি কর্তৃক প্রদত্ত মূল সনদ।
৫. HDQ – হরিজন ও দলিত কোটা: জেলা প্রশাসক/উপজেলা পরিষদ/নিজ সম্প্রদায় কর্তৃক প্রদত্ত মূল সার্টিফিকেট।
৬. NTQ – নন-ট্রাইবাল (পার্বত্য চট্টগ্রামের স্থায়ী বাসিন্দা) কোটা: রাজমাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর যেকোনো একটিতে সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ে কোটার ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। NTQ কোটার ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার মূল সনদ থাকতে হবে।
৭. WQ – পোষ্য কোটা: স্ব-স্ব বিশ্ববিদ্যালয় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এ ভর্তি পরীক্ষায় (MCQ পরীক্ষা) অংশগ্রহণকারী এবং কোটায় আবেদনকারী সকল শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সশরীরে উপস্থিত হয়ে কোটার কাগজপত্র যাচাই সংক্রান্ত কাজ সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, সাক্ষাৎকারের সময় পোষ্য কোটার সমর্থনে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চাকরির প্রত্যয়নপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সাথে আনতে হবে।

তারিখ ও বার	সময়	স্থান
০৯/০৬/২০২৬ খ্রি., রোজ মঙ্গলবার	সকাল ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা	ডিনস কমপ্লেক্স, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাংগাইল-১৯০২।
১০/০৬/২০২৬ খ্রি., রোজ বুধবার		


০৭/০৬/২৬

(অধ্যাপক ড. মোহাম্মদ মতিউর রহমান)

সদস্য সচিব, ভর্তি পরীক্ষা কমিটি ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষ

ও

ডিন, ইঞ্জিনিয়ারিং অনুষদ

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়